

# সরিষার আবাদ বাড়িয়ে ভোজ্যতেলের চাহিদা পূরণ

‘স্বল্প মেয়াদের আমন আর বোরো  
মাঝে উচ্চফলনশীল সরিষা করো,  
তেলের অভাব ফুরিয়ে যাবে  
গোলাঙরা ধানও পাবে।’

মাননীয় কৃষিমন্ত্রী বলেছেন, ‘আগামী তিন বছরে ভোজ্যতেলের চাহিদার  
চল্লিশ ভাগ স্থানীয়ভাবে উৎপাদন করতে হবে।’ ধানের উৎপাদন না কমিয়ে  
মাঝারি উঁচু বা উঁচু জমিতে উচ্চফলনশীল এবং স্বল্পমেয়াদি আমন ও বোরো  
ধানের মধ্যবর্তী সময়ে খুব সহজেই সরিষা চাষ করে প্রয়োজনীয়  
ভোজ্যতেলের চাহিদা মেটানো যায়। এজন্য দরকার সঠিক সময়ে সঠিক  
জাতের আমন, সরিষা ও বোরো ধানের চাষাবাদ।

ধানের আবাদ না কমিয়ে সরিষার আবাদ বাড়ানোর কার্যকর অসম্মবিন্যাস

## স্বল্পমেয়াদি আমন ধান – স্বল্পমেয়াদি সরিষা – স্বল্পমেয়াদি বোরো ধান

স্বল্পমেয়াদি  
আমন ধান



স্বল্পমেয়াদি  
সরিষা



স্বল্পমেয়াদি  
বোরো ধান



আমন ধানের জাত ও রোপণের সময়

অধিক ফলনশীল স্বল্পজীবনকাল সম্পন্ন  
জাতসমূহ :

ব্রি ধান৭১, ব্রি ধান৭৫, ব্রি হাইব্রিড  
ধান৪, ব্রি হাইব্রিড ধান৬, বিনাধান-১৬,  
বিনাধান-১৭, বিনাধান-২২

রোপণের সময়

আষাঢ়ের মাঝামাঝি/জুলাইয়ের শুরুতে  
আমন ধানের বীজতলা তৈরি করে ২৫  
দিনের চারা মূল জমিতে রোপণ করলে  
উপযুক্ত সময়ে সরিষা চাষ করা যাবে।

বি.দ্র. উত্তরবঙ্গে আমনের চারা  
১০-১৫ দিন আগে রোপণ করতে হবে  
নতুবা আমন ধান চিটা হয়ে যাওয়ার  
আশঙ্কা থাকে।

সরিষার জাত ও রোপণের সময়

স্বল্পজীবনকাল সম্পন্ন সরিষার  
জাতসমূহ :

বিনা সরিষা-৪, বিনা সরিষা-৯, বিনা  
সরিষা-১০, বারি সরিষা-১৪, বারি  
সরিষা-১৫, বারি সরিষা-১৭, বারি  
সরিষা-১৮

রোপণের সময়

০১ নভেম্বর/১৬ কার্তিকের মধ্যে  
সরিষার বীজ বপন করা উত্তম তবে  
১৫ নভেম্বর/৩০ কার্তিক পর্যন্ত  
সরিষার বীজ বপন করা যেতে পারে।

বোরো ধানের জাত ও রোপণের সময়

অধিক ফলনশীল স্বল্পজীবনকাল  
সম্পন্ন বোরো জাতসমূহ :

ব্রি ধান৬৩, ব্রি ধান৬৭, ব্রি ধান৬৮,  
ব্রি ধান৭৪, ব্রি ধান৮১, ব্রি ধান৮৪, ব্রি  
ধান৮৬, ব্রি ধান৮৮, ব্রি ধান৯৬,  
বঙ্গবন্ধু ধান১০০, ব্রি হাইব্রিড ধান২,  
ব্রি হাইব্রিড ধান৩, ব্রি হাইব্রিড ধান৫,  
বিনাধান-১০, বিনাধান-২৪, বিনাধান-২৫

রোপণের সময়

ডিসেম্বরের মাঝামাঝি/পৌষের  
শুরুতে বোরো ধানের বীজতলা তৈরি  
করে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ/মাঘের  
শেষ সপ্তাহের মধ্যে ৩৫-৪০ দিনের  
চারা রোপণ করা যাবে।

বি.দ্র. উত্তরবঙ্গে বোরোর চারা  
১০-১৫ দিন দেরিতে রোপণ করতে  
হবে নতুবা বোরো ধান চিটা হয়ে  
যাওয়ার আশঙ্কা থাকে।

বিস্তারিত তথ্যের জন্য উপসহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন। তাছাড়া কৃষিবিষয়ক তথ্য পেতে  
যেকোনো মোবাইল অপারেটর থেকে কৃষি কল সেন্টারে ১৬১২৩ নম্বরে ফোন করুন।